

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৯৮৯

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ১৫. দিতীয় অনুচ্ছেদ - সৃষ্টির প্রতি দয়া ও অনুগ্রহ

আরবী

وَعَنْ عَائِشَةَ

أَنَّ النَّبِيَّ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «أنزِلوا النَّاس منازَلهم» . رَوَاهُ أَبُو دَاوُد

বাংলা

৪৯৮৯-[৪৩] 'আয়িশাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ মানুষকে তার পদমর্যাদা অনুযায়ী সম্মান করো। (আবু দাউদ)[1]

ফুটনোট

[1] য'ঈফ : আবূ দাউদ ৪৮৪২, য'ঈফাহ্ ১৮৯৪, য'ঈফুল জামি' ১৩৪৪।

হাদীসটি য'ঈফ হওয়ার কারণ, এর সনদে ইনকিত্বা' বা বিছিন্নতা রয়েছে। তা হলো মায়মূন 'আয়িশাহ্ (রাঃ)-কে পাননি। দেখুল- আবূ দাউদ ৪৮৪২, য'ঈফাহ্ ১৮৯৪।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ أَنْزِلُوا النَّاسَ مَنَازَلَهُمْ गानुस्त তाর মর্যাদা অনুযায়ী সম্মান দাও। এ কথাটির অর্থ হলো মানুষ সমাজে প্রত্যেক ধর্ম, জ্ঞানে, বিজ্ঞানে, সম্মানে যে যে শ্রেণী ও পর্যায়ের তার সাথে সেরূপ মর্যাদা বজায় রেখে আচার ব্যবহার কর। 'আল্লামা 'আযীয়ী (রহিমাহুল্লাহ) বলেনঃ

الْمُرَادُ بِالْحَدِيثِ الْحَضُّ عَلَى مُرَاعَاةِ مَقَادِيرِ النَّاسِ وَمَرَاتِبِهِمْ وَمَنَاصِبِهِمْ وَتَفْضِيلِ بَعْضِهِمْ عَلَى بَعْضٍ فِي الْمُرَادُ بِالْحَدِيثِ الْقِيَامِ وَغَيْرِ ذَٰلِكَ مِنَ الْحُقُوقِ

অর্থাৎ অত্র হাদীসের উদ্দেশ্য হলো মানুষকে উৎসাহিত করে তোলা যে, তারা যেন প্রত্যেককে তাদের নিজ নিজ পদ মর্যাদা সামাজিক অবস্থান ও মান-মর্যাদা বজায় রেখে আচার আচরণ করে। ('আওনুল মা'বৃদ ৮ম খন্ড, হাঃ



৪৮৩৪)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন